



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- ২/১৫৫/২/৫/২৫৪২

তারিখ: ০৫/০৩/২১

জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অধিভুক্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন যাবত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। সে কারণে বিদ্যালয় পরিচালনার জন্য একাধিকবার এডহক কমিটি গঠন করতে হচ্ছে। এডহক কমিটি গঠনের প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের পর যাচাইকালে অনেক ত্রুটি বিদ্যুতি লক্ষ্য করা যাচ্ছে। এছাড়াও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মঞ্জুরী নবায়নের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ১৩১৫ ফরম পূরণের সময় বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীর যে সংখ্যা উল্লেখ করেন তা সব ক্ষেত্রে সঠিক নয় বলে প্রতীয়মান হচ্ছে। উল্লিখিত বিষয়গুলো বিবেচনা করে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের নিম্নোক্ত নির্দেশাবলী প্রতিপালনের জন্য বলা হ'ল।

- ১। এডহক কমিটি অনুমোদনের সময় দাখিলকৃত সভাপতির তালিকায় প্রস্তাবিত ০৩ (তিন) জন সভাপতির জীবনবৃত্তান্ত (পেশা ও শিক্ষাগত যোগ্যতার উল্লেখসহ), জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদপত্রের সত্যায়িত ফটোকপি অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সঙ্গে জমা দিতে হবে।
- ২। মঞ্জুরী নবায়ন/স্বীকৃতি নবায়ন এর জন্য নির্ধারিত ১৩১৫ ফরমের “গ” অংশে বিদ্যালয়ে অধ্যয়নরত শ্রেণিভিত্তিক শিক্ষার্থীর তথ্য দেয়ার যে নিয়ম রয়েছে তা অধিকাংশ ক্ষেত্রেই নিয়ম মারফিক করা হয় না। বিশেষ করে মোট শিক্ষার্থীর সংখ্যার তথ্য সঠিকভাবে দেয়া হয়না। বিধায়, মঞ্জুরী নবায়ন ফরমে (১৩১৫) উল্লিখিত শ্রেণিভিত্তিক শিক্ষার্থী এবং মোট শিক্ষার্থীর সংখ্যা সম্পর্কে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রত্যয়ন মঞ্জুরী নবায়নের কাগজপত্রের সঙ্গে জমা দিতে হবে।
- ৩। কোভিড-১৯ এর কারণে ১৭/০৩/২০২০খ্রি: থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় অধিকাংশ প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ, শৌচাগার এবং ক্যাম্পাস অপরিষ্কার ও ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। যেহেতু ১২/০৯/২০২১খ্রি: থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম শুরু হতে যাচ্ছে সেহেতু শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে শিক্ষার্থী বান্ধব ও ব্যবহার উপযোগী করার ব্যবস্থা নিতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

০৫/০৩/২০২১
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

০৫/০৩/২১